# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম

## নিয়োগ/পুন:নিয়োগ বিজ্ঞপ্তি আবেদনের সময়সীমা বর্ধিতকরণ প্রসঙ্গে

তারিখ: ১৮.০৩.২০২৬

স্মারক নং-চ.বি.নি:বি:বি:শা/ল্যাব. স্কুল এন্ড কলেজ/২৬৮১(৯)/২০২৬/ তারিখ: ১৭/০২/২০২৬ খ্রি. মূলে ১৮/০২/২০২৬ তারিখ প্রকাশিত স্থানীয় ও জাতীয় পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তির উচ্চ মাধ্যমিক শাখার ৭টি প্রভাষক (বাংলা, ইংরেজি, গণিত, হিসাব বিজ্ঞান, উদ্ভিদ বিজ্ঞান, যুক্তিবিদ্যা ও ইসলামের ইতিহাস) পদে এবং মাধ্যমিক শাখার ১টি সহকারী প্রধান শিক্ষক এবং ১৮টি সহকারী শিক্ষক (বাংলা, জীববিজ্ঞান, রসায়ন, পদার্থবিদ্যা, সামাজিক বিজ্ঞান, ইংরেজি, আইসিটি, ইসলাম, হিন্দু ও বৌদ্ধ ধর্ম, ব্যবসায় শিক্ষা, কৃষি শিক্ষা) পদে আবেদনের মেয়াদ আগামী ০৯-০৪-২০২৬ইং তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হলো।

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।
যোগাযোগ: ০২৩৩৪৪৬০৭৬৫-৭৪, ৭৪৯-৯১ এক্স-৪২০১

স্মারক নং- চ.বি.নি:বি:বি:শা/ল্যাব. স্কুল এন্ড কলেজ/৩৯০০(৯)/২০২৬ জিডি-৪৯৬/২৬ (৫"×২ক)

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম

## নিয়োগ/পুনঃনিয়োগ বিজ্ঞপ্তির আংশিক সংশোধনী

তারিখ: ১৮.০২.২০২৬

স্মারক নং-চ.বি.নিঃবিঃবিঃশা/ল্যাব, স্কুল এন্ড কলেজ/২৬৮১ (৯)/২০২৬/ তারিখ: ১৭/০২/২০২৬ খ্রি. মূলে ১৮/০২/২০২৬ তারিখ প্রকাশিত দৈনিক ইনকিলাব পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তির উচ্চ মাধ্যমিক শাখার ৭টি পদের প্রত্যেকটির শুরুতে প্রভাষক শব্দটি যুক্ত হবে।

**ক) উচ্চ মাধ্যমিক শাখা (সংশোধিত) :**

| ক্রমিক | পদের বিবরণ | পদ সংখ্যা | জাতীয় বেতন স্কেল ২০১৫ |
|---|---|---|---|
| ১. | প্রভাষক (বাংলা) | ১টি | ৯ম গ্রেড |
| ২. | প্রভাষক (ইংরেজি) | ১টি | ৯ম গ্রেড |
| ৩. | প্রভাষক (গণিত) | ১টি | ৯ম গ্রেড |
| ৪. | প্রভাষক (হিসাব বিজ্ঞান) | ১টি | ৯ম গ্রেড |
| ৫. | প্রভাষক (উদ্ভিদ বিজ্ঞান) | ১টি | ৯ম গ্রেড |
| ৬. | প্রভাষক (যুক্তিবিদ্যা) | ১টি | ৯ম গ্রেড |
| ৭. | প্রভাষক (ইসলামের ইতিহাস) | | ৯ম গ্রেড |

১৮.২.২৬

(প্রফেসর ড. মোহাম্মদ সাইফুল ইসলাম)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।
যোগাযোগ: ০২৩৩৪৪৬০৭৬৫-৭৪,৭৪৯-৯১ এক্স-৪২০১

GD-157560 (4"×3)

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
## চট্টগ্রাম

## নিয়োগ বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি নং-০৩/২০২৬ তারিখঃ ০৮-০৩-২০২৬

নিম্নে বর্ণিত বেতন স্কেল এবং রীতি মোতাবেক প্রদেয় অন্যান্য ভাতায় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের নিম্নোক্ত পদে নিয়োগের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে:-

| ক্রমিক | পদের নাম | অফিস | পদের সংখ্যা | জাতীয় বেতন স্কেল-২০১৫ |
|---|---|---|---|---|
| ১। | সেকশন অফিসার | Institutional Quality Assurance Cell (IQAC) | ০১ (এক) টি স্থায়ী | ৯ম গ্রেড |

**প্রয়োজনীয় যোগ্যতাঃ**

শিক্ষাজীবনে তৃতীয় শ্রেণি/বিভাগ ব্যতীত ন্যূনতম দ্বিতীয় শ্রেণির মাস্টার্স ডিগ্রি পাশ হতে হবে। পাবলিক প্রকিউরমেন্ট (পি.পি.এ ২০০৬, ২০১০ PPR ২০০৯ এবং সর্বশেষ পরিবর্তনসহ) এবং ভ্যাট, ট্যাক্স ও কম্পিউটার (M.S. Word, M.S. excel, Power point, Email) সম্পর্কে সম্যক ধারণাসহ কমপক্ষে ০২ (দুই) বছর আই.কিউ.এ.সি-তে কাজ করার বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। নিয়োগের শর্ত পূরণ সাপেক্ষে বিভাগীয় প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। অনার্স/মাস্টার্স ডিগ্রিতে প্রথম শ্রেণিপ্রাপ্ত প্রার্থীর ক্ষেত্রে অভিজ্ঞতা শিথিলযোগ্য। ছয় মাসের অগ্রগতি প্রতিবেদন, তিন মাসের আর্থিক প্রতিবেদন প্রস্তুতের অভিজ্ঞতা প্রার্থীর অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

উক্ত পদে নিয়োগ পেলে সংশ্লিষ্ট কর্মকর্তাকে এ বিশ্ববিদ্যালয়ে প্রথম যোগদানের পর অন্তত ০২ (দুই) বছর চাকরি করতে হবে এবং যোগদানের সময় এ মর্মে একটি অঙ্গীকারনামা প্রদান করতে হবে। উক্ত সময়ের মধ্যে সংশ্লিষ্ট কর্মকর্তার কোনো চাকরির আবেদন অন্য কোন প্রতিষ্ঠানে ফরোয়ার্ড করা হবে না।

ব্যক্তিগতভাবে যোগাযোগ করে রেজিস্ট্রার অফিস হতে অথবা চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট http://www.cu.ac.bd. হতে ডাউনলোড করে দরখাস্তের নির্ধারিত ফরম সংগ্রহ করা যাবে। উপরিউক্ত পদের জন্য ০৮ (আট) সেট দরখাস্ত আগামী ২৯-০৩-২০২৬ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে (সকাল ৯.০০টা হতে বেলা ৩.০০ মি. পর্যন্ত) গৃহীত হবে।

বাংলাদেশের অগ্রণী/জনতা ব্যাংক লি: এর যে কোন শাখা হতে রেজিস্ট্রার, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এর অনুকূলে অগ্রণী/জনতা ব্যাংক লিঃ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখা, চট্টগ্রাম বরাবর প্রদেয় দরখাস্ত ফি বাবদ টা. ৫০০/-(পাঁচ-শত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) ও প্রার্থীকে সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত ছবি দরখাস্তের মূল সেটের সাথে এবং মার্কসশীটসহ সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও নাগরিকত্ব সার্টিফিকেটের সত্যায়িত কপি দরখাস্তের প্রত্যেক সেটের সাথে অবশ্যই নিম্নস্বাক্ষরকারীর নিকট নির্ধারিত তারিখের মধ্যে পৌঁছাতে হবে।

ফি ব্যতিরেকে কিংবা উপরে বর্ণিত ব্যাংক ব্যতীত অন্য কোন ব্যাংকে প্রদেয় ব্যাংক ড্রাফট/পে-অর্ডারসহ প্রাপ্ত দরখাস্ত, বিজ্ঞপ্তির শর্ত পূরণ না করলে সে দরখাস্ত, বিজ্ঞপ্তির যোগ্যতা অনুযায়ী প্রয়োজনীয় ডিগ্রি পরীক্ষায় Appeared প্রার্থীর পেশকৃত দরখাস্ত, নির্ধারিত শেষ তারিখের পরে প্রাপ্ত দরখাস্ত, ডাকযোগে/কুরিয়ার সার্ভিস ইত্যাদির মাধ্যমে প্রেরিত কোন দরখাস্ত নির্ধারিত শেষ তারিখের মধ্যে পাওয়া না গেলে সে দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে।

প্রার্থী তাঁর আবেদনে কোনো অর্জিত শিক্ষাগত যোগ্যতা/প্রশিক্ষণ ইত্যাদি বিষয় গোপন করে থাকলে এবং পরবর্তীতে নিয়োগপ্রাপ্ত হলে এ সকল শিক্ষাগত যোগ্যতা তাঁর চাকরি জীবনে কোনো পদোন্নতি/নিয়োগের ক্ষেত্রে গণনা করা হবে না।

চাকরিরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। বিশেষ ক্ষেত্রে অতিরিক্ত পরিপূর্ণ এক সেট দরখাস্ত যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করে নির্ধারিত সংখ্যক দরখাস্ত (ব্যাংক ড্রাফট ও সংশ্লিষ্ট সকল কাগজপত্রসহ) অগ্রিম হিসেবে যথাসময়ে দাখিল করতে হবে।

নির্বাচিত প্রার্থীগণের মাসিক মূল বেতন নির্ধারণের ক্ষেত্রে কোন প্রতিষ্ঠানের এল.পি.সি. গ্রহণ করা হবে না।

8.3.2026

(প্রফেসর ড. মোহাম্মদ সাইফুল ইসলাম)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
ফোন নং পিএবিএক্স-০২৩৩৪৪৬০৭৬৬-৭৪, ০২৩৩৪৪৬০৭৯-৯১, এক্স-৪২০১

আরপি-৪২০/২৬ (৪″x৪)

আমার দেশ

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম
## নিয়োগ/পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি:-

তারিখ : ১৭.০২.২০২৬

নিম্নে বর্ণিত বেতন স্কেলে এবং বিধি মোতাবেক প্রদেয় অন্যান্য ভাতায় এ বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট অব এডুকেশন এন্ড রিসার্চ (আই.ই.আর) এর আওতাভুক্ত চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শাখায় বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক অনুমোদিত পাবলিক বিশ্ববিদ্যালয়ে অঙ্গীভূত স্কুল/স্কুল ও কলেজ পরিচালনা নীতিমালা ২০২৩ অনুযায়ী নিম্নোক্ত পদসমূহে শিক্ষক নিয়োগের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে:

**ক) উচ্চ মাধ্যমিক শাখা :**

| ক্রমিক | পদের বিবরণ | পদ সংখ্যা | জাতীয় বেতন স্কেল ২০১৫ |
|---|---|---|---|
| ১. | বাংলা | ১টি | ৯ম গ্রেড |
| ২. | ইংরেজি | ১টি | ৯ম গ্রেড |
| ৩. | গণিত | ১টি | ৯ম গ্রেড |
| ৪. | হিসাব বিজ্ঞান | ১টি | ৯ম গ্রেড |
| ৫. | উদ্ভিদ বিজ্ঞান | ১টি | ৯ম গ্রেড |
| ৬. | যুক্তিবিদ্যা | ১টি | ৯ম গ্রেড |
| ৭. | ইসলামের ইতিহাস | ১টি | ৯ম গ্রেড |

**খ) মাধ্যমিক শাখা ও প্রাথমিক শাখা :**

| ক্রমিক | পদের বিবরণ | পদ সংখ্যা | জাতীয় বেতন স্কেল ২০১৫ |
|---|---|---|---|
| ১. | সহকারী প্রধান শিক্ষক | ১টি স্থায়ী | ৮ম গ্রেড |
| ২. | সহকারী শিক্ষক (বাংলা) | ২টি স্থায়ী | ১০ম গ্রেড |
| ৩. | সহকারী শিক্ষক (জীববিজ্ঞান) | ১টি স্থায়ী | ১০ম গ্রেড |
| ৪. | সহকারী শিক্ষক (রসায়ন) | ১টি স্থায়ী | ১০ম গ্রেড |
| ৫. | সহকারী শিক্ষক (পদার্থবিদ্যা) | ১টি স্থায়ী | ১০ম গ্রেড |
| ৬. | সহকারী শিক্ষক (সামাজিক বিজ্ঞান) | ৪টি স্থায়ী | ১০ম গ্রেড |
| ৭. | সহকারী শিক্ষক (ইংরেজি) | ২টি স্থায়ী | ১০ম গ্রেড |
| ৮. | সহকারী শিক্ষক (আই.সি.টি) | ২টি স্থায়ী | ১০ম গ্রেড |
| ৯. | সহকারী শিক্ষক (ইসলাম, হিন্দু ও বৌদ্ধ) | ৩টি স্থায়ী | ১০ম গ্রেড |
| ১০. | সহকারী শিক্ষক (ব্যবসায় শিক্ষা) | ১টি স্থায়ী | ১০ম গ্রেড |
| ১১. | সহকারী শিক্ষক (কৃষি শিক্ষা) | ১টি স্থায়ী | ১০ম গ্রেড |

ব্যক্তিগতভাবে যোগাযোগ করে রেজিস্ট্রার অফিস হতে অথবা চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (http://www.cu.ac.bd/notice board) হতে Download করে উক্ত পদসমূহের জন্য প্রয়োজনীয় ন্যূনতম যোগ্যতা, শর্তাবলি ও বিস্তারিত তথ্যাদিসহ পূর্ণাঙ্গ বিজ্ঞপ্তি এবং http://www.cu.ac.bd/forms.php হতে Download করে আবেদনপত্রের নির্ধারিত ফরম ও প্রকাশনার তালিকার প্রোফর্মা সংগ্রহ করা যাবে।

নির্ধারিত ফরমে প্রভাষক/সহকারী প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষক পদের প্রতিটির জন্য ৮ (আট) সেট করে দরখাস্ত আগামী ১৮/০৩/২০২৬ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে (সকাল ৮টা থেকে বেলা ৩ টা ৩০ পর্যন্ত) রেজিস্ট্রার অফিসে পৌছাতে হবে।

অগ্রণী ব্যাংক পিএলসি/জনতা ব্যাংক পিএলসি যেকোনো শাখা হতে রেজিস্ট্রার, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় অনুকূলে অগ্রণী ব্যাংক পিএলসি, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখা/জনতা ব্যাংক পিএলসি, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখা, চট্টগ্রাম এর উপর প্রদেয় আবেদনপত্র ফি বাবদ ৫০০/-(পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট (উক্ত দু'টি ব্যাংকের চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখা থেকে হলে পে-অর্ডার), প্রার্থীর সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি সত্যায়িত ছবি আবেদনের মূল সেটের সাথে এবং মার্কশিটসহ সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা নাগরিকত্বের সার্টিফিকেটের সত্যায়িত কপি আবেদনের প্রত্যেক সেটের সাথে সংযোজন করতে হবে। দাখিলকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এবং অন্যান্য কাগজপত্র ফেরতযোগ্য নয়।

পুনঃবিজ্ঞাপিত পদসমূহের জন্য ইতোপূর্বে আবেদনকারীগণের মধ্যে এ বিজ্ঞপ্তিতে বর্ণিত প্রয়োজনীয় ন্যূনতম যোগ্যতাধারী প্রার্থীগণকে পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

এই নিয়োগ বিজ্ঞপ্তির যেকোনো ধারা/উপধারা বা নিয়োগের শর্তাবলি কর্তৃপক্ষ প্রয়োজন মনে করলে সংশোধন করতে পারবে।

17.2.2026

(প্রফেসর ড. মোহাম্মদ সাইফুল ইসলাম)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।

GD-157487 (6"×3)